

ভারতে অনুষ্ঠিত সমুদ্র মহড়া 'মিলান-২০১৮'-এ অংশগ্রহণ শেষে দেশে ফিরেছে নৌবাহিনীর যুদ্ধজাহাজ 'ধলেশ্বরী'

ভারতের আন্দামান দ্বীপপুঞ্জের পোর্ট ব্লেয়ারে অনুষ্ঠিত ১০ম আন্তর্জাতিক সমুদ্র মহড়া 'মিলান-২০১৮' এ অংশগ্রহণ শেষে নৌবাহিনীর যুদ্ধজাহাজ 'ধলেশ্বরী' শুক্রবার (১৬-০৩-২০১৮) দুপুরে চট্টগ্রাম নৌ জেটিতে এসে পৌঁছেছে। চট্টগ্রাম নৌ জেটিতে পৌঁছালে নৌবাহিনীর প্রচলিত প্রথা অনুযায়ী সুসজ্জিত বাদকদল বাদ্য যন্ত্র পরিবেশনের মাধ্যমে জাহাজটিকে আমন্ত্রণ জানায়। এ সময় কমান্ডার বিএন ফ্লিট রিয়ার এডমিরাল এম আশরাফুল হক, এনইউপি, এনডিসি, এএফডবিউসি, পিএসসিসহ স্থানীয় পদস্থ নৌ কর্মকর্তা এবং জাহাজে গমনকারী অফিসার ও নাবিকদের পরিবারবর্গ উপস্থিত ছিলেন।



ভারতের আন্দামান দ্বীপপুঞ্জের পোর্ট ব্লেয়ারে অনুষ্ঠিত ১০ম আন্তর্জাতিক সমুদ্র মহড়া 'মিলান-২০১৮' এ অংশগ্রহণ শেষে দেশে ফিরেছে বাংলাদেশ নৌবাহিনীর যুদ্ধজাহাজ 'ধলেশ্বরী' ছবি :- আইএসপিআর

গত ০৬ হতে ১৩ মার্চ ২০১৮ পর্যন্ত ভারতের আন্দামান দ্বীপপুঞ্জের পোর্ট ব্লেয়ারে অনুষ্ঠিত বহুপাক্ষিক এ মহড়ায় ভারত, বাংলাদেশ, অস্ট্রেলিয়াসহ ৯টি দেশের ২৮টি যুদ্ধজাহাজ অংশ নেয়। এধরনের মহড়া সমুদ্র নিরাপত্তা নিশ্চিতকরণে আঞ্চলিক সহযোগিতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। উক্ত মহড়ায় বাংলাদেশ নৌবাহিনীর যুদ্ধজাহাজ 'ধলেশ্বরী' ১৫৭ জন নৌসদস্য নিয়ে অংশগ্রহণ করে। নৌবাহিনী যুদ্ধজাহাজ 'ধলেশ্বরী' এ ধরনের আন্তর্জাতিক মহড়ায় অংশগ্রহণের ফলে বহির্বিদেশে দেশের সুনাম বৃদ্ধির পাশাপাশি বহুপাক্ষিক সম্পর্ক জোড়দার হবে বলে আশা করা যায়। উলেখ্য, উক্ত মহড়ায় অংশ নিতে বাংলাদেশ নৌবাহিনী যুদ্ধজাহাজ 'ধলেশ্বরী' গত ০৩ মার্চ ২০১৮ তারিখে বাংলাদেশ ত্যাগ করে।